



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

## প্রেস বিজ্ঞপ্তি

সৌহার্দের বাংলাদেশ বিনির্মাণে সবার অংশগ্রহণের সুযোগ রয়েছে-  
উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০১ অক্টোবর ২০২৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেছেন, ছাত্র-জনতার অভ্যুত্থানের অন্যতম অঙ্গীকার সৌহার্দের বাংলাদেশ বিনির্মাণ। এই বাংলাদেশ বিনির্মাণে সবার অংশগ্রহণের সুযোগ রয়েছে। এজন্য সবার সংগঠিত হওয়া প্রয়োজন। লিও ক্লাব সুসংগঠিত সংগঠন। এই ক্লাবের সদস্যগণ সৌহার্দের বাংলাদেশ বিনির্মাণ ও ধর্ম বর্ণ জাতি নির্বিশেষে বৈষম্যমুক্ত জাতি গঠনে ভূমিকা রাখতে পারে। গতকাল ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনের সেমিনার কক্ষে লিও ক্লাব অব জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি ওয়ান প্লাস এর নবীন বরণ অনুষ্ঠানে প্রাধান অতিথির ভাষণে উপাচার্য এসব কথা বলেন। উপাচার্য বলেন, আমরা সবাই মিলে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাণ-প্রকৃতি রক্ষা, পরিষ্কার-পরিচ্ছন্ন ক্যাম্পাস বজায় রাখা এবং সর্বোপরি বসবাসযোগ্য ও বৈষম্যমুক্ত ক্যাম্পাস এবং দেশ বিনির্মাণ করতে চাই। উপাচার্য সম্মিলিত এই চেষ্টায় সহযাত্রী হিসেবে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে স্বপ্নের কাছাকাছি নিয়ে যাওয়ার অগ্রযাত্রায় অংশীদার হওয়ার আহ্বান জানান।

অনুষ্ঠানে সংগঠনটির শিক্ষক উপদেষ্টা অধ্যাপক ড. খোঃ লুৎফুল এলাহী, লিও ডিস্ট্রিক্ট-৩১৫ এ ওয়ান সেক্রেটারি আনহা চৈতী, সংগঠনটির জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রেসিডেন্ট আয়েশা সিদ্দিকা বৃষ্টি এবং জেনারেল সেক্রেটারি আল মাহমুদসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)